

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া  
জুডিশিয়াল মুন্সিখানা শাখা



আসন্ন পবিত্র রমজান উপলক্ষ্যে বাজার মনিটরিং জোরদারকরণ সংক্রান্ত সভা।

সভাপতি	মোঃ শাহগীর আলম জেলা ম্যাজিস্ট্রেট
সভার তারিখ	০২ মার্চ ২০২৩ খ্রি.
সভার সময়	বেলা ১২.১৫ টা
স্থান	সম্মেলন কক্ষ, জেলাপ্রশাসকের কার্যালয়।
উপস্থিতি	...

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে আসন্ন পবিত্র রমজান মাসের অগ্রীম শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এ বছর পবিত্র রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য স্থিতিশীল ও যৌক্তিক পর্যায়ে রাখার বিষয়ে দৃঢ় আশাবাদ ব্যক্ত করে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়াকে সভা সঞ্চালনা করার জন্য অনুরোধ জানান। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া গত বছরের সভার কার্যবিবরণী পাঠ করেন। এরপর অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া সভায় উপস্থিত সকলকে আসন্ন রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণকল্পে তাদের পরিকল্পনা ও সুস্পষ্ট মতামত ব্যক্ত করার জন্য অনুরোধ জানান। সভায় ক্রমানুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
------	--------	-----------	-----------------------------

০১	<p>বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া বলেন, পণ্য ক্রয়ের ক্যাশ মেমো প্রতিটি দোকানে যথাযথভাবে সংরক্ষণ এবং পণ্য বিক্রয়ের সময় ভোক্তাকে বিক্রয় ভাউচার/ক্যাশ মেমো দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য একটি পরিদর্শন টিম গঠন করা যেতে পারে।</p>	<p>১. পণ্য ক্রয়ের ক্যাশ মেমো দোকানে যথাযথভাবে সংরক্ষণ করাসহ বিক্রেতার নিকট বিক্রয়ের রশিদ প্রদান করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>২. ক্যাশ মেমো সংরক্ষণ এবং পণ্য বিক্রয় রশিদ প্রদান নিশ্চিতকরণসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণকল্পে নিম্নোক্তভাবে বাজার পরিদর্শন টিম গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়:</p> <table border="1" data-bbox="549 389 1276 770"> <thead> <tr> <th>অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া</th> <th>আহ্বায়ক</th> </tr> </thead> <tbody> <tr> <td>পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া'র প্রতিনিধি (সহকারী পুলিশ সুপারের নিচে নয়)</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>মেয়র, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভার প্রতিনিধি</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>জেলা কৃষি বিপণন কর্মকর্তা</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>সহকারী পরিচালক, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, ব্রাহ্মণবাড়িয়া</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ব্রাহ্মণবাড়িয়া</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>সাধারণ সম্পাদক, হোটেল ও রেস্তোরাঁ মালিক সমিতি</td> <td>সদস্য</td> </tr> </tbody> </table>	অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া	আহ্বায়ক	পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া'র প্রতিনিধি (সহকারী পুলিশ সুপারের নিচে নয়)	সদস্য	মেয়র, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভার প্রতিনিধি	সদস্য	জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা	সদস্য	জেলা কৃষি বিপণন কর্মকর্তা	সদস্য	সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর	সদস্য	সহকারী পরিচালক, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ	সদস্য	সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, ব্রাহ্মণবাড়িয়া	সদস্য	সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ব্রাহ্মণবাড়িয়া	সদস্য	সাধারণ সম্পাদক, হোটেল ও রেস্তোরাঁ মালিক সমিতি	সদস্য	<p>১. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া          ২. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া          ৩. মেয়র, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা,          ব্রাহ্মণবাড়িয়া          ৪. জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া          ৩. সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া          ৫. জেলা কৃষি বিপণন কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া          ৬. সহকারী পরিচালক, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ব্রাহ্মণবাড়িয়া          ৭. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, ব্রাহ্মণবাড়িয়া          ৮. সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ব্রাহ্মণবাড়িয়া          ৯. সাধারণ সম্পাদক, হোটেল ও রেস্তোরাঁ মালিক সমিতি, ব্রাহ্মণবাড়িয়া</p>
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া	আহ্বায়ক																						
পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া'র প্রতিনিধি (সহকারী পুলিশ সুপারের নিচে নয়)	সদস্য																						
মেয়র, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভার প্রতিনিধি	সদস্য																						
জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা	সদস্য																						
জেলা কৃষি বিপণন কর্মকর্তা	সদস্য																						
সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর	সদস্য																						
সহকারী পরিচালক, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ	সদস্য																						
সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, ব্রাহ্মণবাড়িয়া	সদস্য																						
সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ব্রাহ্মণবাড়িয়া	সদস্য																						
সাধারণ সম্পাদক, হোটেল ও রেস্তোরাঁ মালিক সমিতি	সদস্য																						

০২	জেলা কৃষি বিপণন কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া নিত্য প্রয়োজনীয় দ্রব্যের গত বছরের ও বর্তমান বাজার মূল্যের একটি তুলনামূলক বিবরণী সভায় উপস্থাপন করেন। এছাড়া, প্রতিটি পণ্য বিশেষ করে ভোজ্য তেল এবং চিনি ক্রয়ের ক্যাশ মেমো দোকানদার কর্তৃক সংরক্ষণ করার এবং বাজার মনিটরিং করার সময় সংশ্লিষ্ট কর্মকর্তাকে তা যাচাই করার অনুরোধ জানান।	১. জেলা কৃষি বিপণন কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক পবিত্র রমজান মাসে প্রতিদিন বাজার পরিদর্শনপূর্বক নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য তালিকা জেলাপ্রশাসকের কার্যালয়ে দাখিল করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। ২. প্রতিটি পণ্য বিশেষ করে ভোজ্য তেল এবং চিনি ক্রয়ের ক্যাশ মেমো দোকানদার কর্তৃক সংরক্ষণ করার এবং বাজার মনিটরিং করার সময় সংশ্লিষ্ট কর্মকর্তাকে তা যাচাই করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া ২. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া ৩. সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া ৪. জেলা কৃষি বিপণন কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া ৫. নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ব্রাহ্মণবাড়িয়া ৫. সভাপতি, চেশ্বর অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ব্রাহ্মণবাড়িয়া ৬. সভাপতি/সাধারণ সম্পাদক, ..... বাজার সমিতি, ব্রাহ্মণবাড়িয়া
০৩	সভাপতি, আনন্দ বাজার কমিটি বলেন, পণ্য মূল্য স্থিতিশীল রাখার জন্য পণ্যের মূল্য তালিকা সকল দোকানে টানানো নিশ্চিত করা হবে এবং তিনি নিয়মিত বাজার মনিটরিং করার জন্য অনুরোধ জানান।	সকল দোকানে পণ্যের মূল্য তালিকা প্রদর্শনের অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. সভাপতি, চেশ্বর অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ব্রাহ্মণবাড়িয়া ২. সভাপতি/সাধারণ সম্পাদক, ..... বাজার কমিটি, ব্রাহ্মণবাড়িয়া
০৪	সভাপতি, জগৎ বাজার কমিটি বলেন, জগৎ বাজার একটি পাইকারি বাজার। তিনি বলেন, এ বাজারের প্রতিটি দোকান মালিককে বাজার মনিটরিং কমিটির সভার সিদ্ধান্ত জানিয়ে দেয়া হবে এবং রমজান মাসে পণ্য মূল্য স্থিতিশীল রাখতে জগৎ বাজারের সকল ব্যবসায়ী এবং কমিটির সদস্য নিরলসভাবে কাজ করে যাবে।	বাজার মনিটরিং কমিটির সভার সিদ্ধান্ত জগৎ বাজারসহ সকল বাজারের দোকান মালিকদের সঙ্গে সংশ্লিষ্ট বাজার কমিটি কর্তৃক সভা করে জানিয়ে দেয়ার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. সভাপতি, চেশ্বর অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ব্রাহ্মণবাড়িয়া ২. সভাপতি/সাধারণ সম্পাদক, ..... বাজার কমিটি, ব্রাহ্মণবাড়িয়া

০৫	সাধারণ সম্পাদক, জেলা ট্রাক মালিক গুপ, ব্রাহ্মণবাড়িয়া বলেন, রমজান মাসে ব্যবসায়ীরা অধিক মালামাল আনেন। তিনি যথাসময়ে মালামাল লোড-আনলোড করতে ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানান। শহরের যানজট নিরসনের লক্ষ্যে ফরিদুল হুদা সড়কে হকার ও অবৈধ দোকান উচ্ছেদ করার আহ্বান জানান।	শহরের যানজট নিরসনের লক্ষ্যে ফরিদুল হুদা সড়কে হকার ও অবৈধ দোকান উচ্ছেদ অভিযান পরিচালনা করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া ২. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া ৩. সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ব্রাহ্মণবাড়িয়া
০৬	সাধারণ সম্পাদক, ক্যাব, ব্রাহ্মণবাড়িয়া বলেন, তথ্য অফিসার কর্তৃক প্রতিটি বাজারে পণ্য মূল্য তালিকা টানানোর বিষয়ে ব্যবসায়ীদেরকে সতর্ক করার জন্য মাইকিং করা যেতে পারে।	প্রতিটি বাজারে পণ্যের মূল্য তালিকা প্রদর্শনের বিষয়ে ব্যবসায়ীদেরকে সতর্ক করার জন্য মাইকিং এর অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া।
০৭	সাধারণ সম্পাদক, হোটেল রেস্তোরাঁ মালিক সমিতি, ব্রাহ্মণবাড়িয়া বলেন, শহরের সকল হোটেলে খাবারের মূল্য তালিকা দেয়া হবে। পাশাপাশি, রং-বিহীন এবং ভেজালমুক্ত ইফতার সামগ্রী বিক্রি করা হবে ও রাস্তায় ইফতার সামগ্রী বিক্রি করা হবেনা মর্মে তিনি সভায় জানান।	১. সকল হোটেলে রং বিহীন এবং ভেজালমুক্ত ইফতার সামগ্রী বিক্রি করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। ২. রাস্তায় ইফতার সামগ্রী বিক্রি না করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ব্রাহ্মণবাড়িয়া ২. সভাপতি/সাধারণ সম্পাদক, হোটেল রেস্তোরাঁ মালিক সমিতি, ব্রাহ্মণবাড়িয়া
০৮	সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ব্রাহ্মণবাড়িয়া আসন্ন রমজান মাস উপলক্ষ্যে জেলা প্রশাসন কর্তৃক নিয়মিত বাজার মনিটরিং করা ও ভেজাল বিরোধী অভিযান পরিচালনার জন্য বিশেষভাবে অনুরোধ জানান।	নিয়মিত বাজার মনিটরিং এবং ভেজাল বিরোধী অভিযান পরিচালনার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া ২. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া ৩. সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া ৪. জেলা কৃষি বিপণন কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া ৫. নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ব্রাহ্মণবাড়িয়া

০৯	সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া পবিত্র রমজান মাস উপলক্ষ্যে ল্যাকটোমিটারের মাধ্যমে বাজারে দুধের গুণগত মান পরীক্ষা করার অনুরোধ করেন। এছাড়া ব্যবসায়ীদের উৎসে ক্যাশ মেমো না দেয়ার বিষয়ে তিনি বাজার কমিটির নেতৃবৃন্দকে সকল ব্যবসায়ীকে অবগত করার এবং উৎস ক্যাশমেমো সংরক্ষণ নিশ্চিত করার আহবান জানান।	১.পবিত্র রমজান মাস উপলক্ষ্যে ল্যাকটোমিটারের মাধ্যমে বাজারে দুধের গুণগত মান পরীক্ষা করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। ২. ব্যবসায়ীদেরকে উৎসে ক্যাশ মেমো প্রদান নিশ্চিত করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. জেলা স্যানিটারী ইন্সপেক্টর, ব্রাহ্মণবাড়িয়া। ২. সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ব্রাহ্মণবাড়িয়া ৩. সভাপতি/সাধারণ সম্পাদক, ..... বাজার সমিতি, ব্রাহ্মণবাড়িয়া
১০	সহকারী পরিচালক, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ব্রাহ্মণবাড়িয়া যদি কোনো অসাধু ব্যবসায়ী মুড়ি তৈরিতে ইউরিয়া ব্যবহার করেন এবং পুরাতন ও নষ্ট ডাল থেকে বেশন তৈরি করেন, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান।	মুড়ি তৈরিতে ইউরিয়া সারের ব্যবহার এবং পুরাতন ও নষ্ট ডাল থেকে বেশন তৈরী রোধে কঠোর পদক্ষেপ নেয়ার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া ২. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া ৩. সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া ৪. জেলা কৃষি বিপণন কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া ৫. সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ব্রাহ্মণবাড়িয়া ৬. সভাপতি/সাধারণ সম্পাদক, ..... বাজার সমিতি, ব্রাহ্মণবাড়িয়া

<p>১১</p>	<p>পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া বলেন, পবিত্র রমজান মাসে দ্রব্যমূল্য নিয়ে কিছু অসাধু ব্যবসায়ী বাজার অস্থিতিশীল করতে পারে। এই বিষয়ে সকলকে সজাগ থাকতে হবে। রমজান শেষে বিপনী বিতানগুলোতে ভীড় জমে। এ সময় কোনো দুষ্কৃতিকারী যেন কোনো ধরণের অপ্রীতিকর ঘটনা ঘটতে না পারে, এই বিষয়ে সকলকে সচেতন থাকতে হবে।</p>	<p>১. সকলের সম্মিলিত প্রচেষ্টায় বাজার পরিস্থিতি স্থিতিশীল রাখার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। ২. কোনো দুষ্কৃতিকারী যেনো কোনো অপ্রীতিকর ঘটনা ঘটতে না পারে, এ বিষয়ে সকলকে সচেতন থাকার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>১. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া ২. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া ৩. সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া ৪. জেলা কৃষি বিপণন কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া ৫. নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ব্রাহ্মণবাড়িয়া ৬. সভাপতি, চেশ্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ব্রাহ্মণবাড়িয়া ৭. সভাপতি/সাধারণ সম্পাদক, ..... বাজার সমিতি, ব্রাহ্মণবাড়িয়া</p>
-----------	--	---	---

<p>১২</p>	<p>সভাপতি ও জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া আসন্ন পবিত্র রমজান মাস উপলক্ষ্যে নিয়মিত বাজার মনিটরিং করার জন্য জেলা পুলিশ, জেলা কৃষি বিপণন কর্মকর্তা, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়াসহ সংশ্লিষ্ট সকল দপ্তরকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, নিত্যপ্রয়োজনীয় পণ্য যেমন- খেজুর, পেয়াজ, কাঁচামরিচ, শসা, চিনি, সয়াবিন তেল, ছোলা, ডাল, বেগুন, বেশন, মুড়ি, দুধ এবং মাছ, মাংসের বাজার পর্যায়ক্রমিকভাবে মনিটরিং করার এবং নিয়মিত অভিযান পরিচালনা করার জন্য বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে নির্দেশনা প্রদান করেন। পাশাপাশি কোনো হোটেল ও রেস্টোরাঁ রাস্তায় খোলা অবস্থায় ও অস্বাস্থ্যকর পরিবেশে খাবার বিক্রি করলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সকল উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক স্ব স্ব উপজেলায় বাজার কমিটির সভা করার নির্দেশনা দেন। পরিশেষে তিনি বাজার মনিটরিং পরিস্থিতি স্বাভাবিক রাখতে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান।</p>	<p>১. পবিত্র রমজান মাস উপলক্ষ্যে জেলা পুলিশ, জেলা কৃষি বিপণন কর্মকর্তা, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়াসহ সংশ্লিষ্ট সকল দপ্তরকে নিয়মিত বাজার মনিটরিং করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।  ২. নিত্যপ্রয়োজনীয় পণ্য যেমন- খেজুর, পেয়াজ, কাঁচামরিচ, শসা, চিনি, সয়াবিন তেল, ছোলা, ডাল, বেগুন, বেশন, মুড়ি, দুধ, মাছ এবং মাংসের বাজার পর্যায়ক্রমিকভাবে মনিটরিং করার এবং বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক অভিযান পরিচালনা করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।  ৩. প্রত্যেক উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক স্ব স্ব উপজেলায় বাজার মনিটরিং কমিটির সভা করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।  ৪. হোটেল ও রেস্টোরাঁ রাস্তায় খোলা অবস্থায় ও অস্বাস্থ্যকর পরিবেশে খাবার বিক্রি করলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>১. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া  ২. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া  ৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া  ৪. সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া  ৫. জেলা কৃষি বিপণন কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া  ৬. নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  ৭. সভাপতি/সাধারণ সম্পাদক, হোটেল ও রেস্টোরাঁ সমিতি, ব্রাহ্মণবাড়িয়া  ৮. সভাপতি/সাধারণ সম্পাদক, ..... বাজার কমিটি, ব্রাহ্মণবাড়িয়া</p>
-----------	--	--	--

সভাপতি আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ শাহগীর আলম  
জেলা ম্যাজিস্ট্রেট

স্মারক নম্বর: ০৫.৪২.১২০০.০১৪.০৬.০০২.২৩.৪৪৯

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৯

১১ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ৩) পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া
- ৪) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল) ব্রাহ্মণবাড়িয়া
- ৬) জেলা কৃষি বিপণন কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া। .
- ৭) নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ব্রাহ্মণবাড়িয়া। .

- ৮) সহকারী পরিচালক, ভোক্তা অধিদপ্তর সংরক্ষণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া। .  
৯) প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।  
১০) সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ব্রাহ্মণবাড়িয়া, .  
১১) সভাপতি/সাধারণ সম্পাদক, হোটেল ও রেস্টোরাঁ সমিতি, ব্রাহ্মণবাড়িয়া, .  
১২) সভাপতি/সাধারণ সম্পাদক, ..... বাজার কমিটি, ব্রাহ্মণবাড়িয়া, .



মোঃ শাহগীর আলম  
জেলা ম্যাজিস্ট্রেট